



১ম বর্ষ, ৭ম সংখ্যা

২৭ জুলাই ২০০৬

### দিনাজপুর, যশোর ও গাজীপুরে ‘ইউনিয়ন পরিষদের সমস্যা ও সমাধানের করণীয় দিক’ শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত

গত ৭ এবং ৮ জুলাই দিনাজপুরের সিংড়া ও বুলাকীপুরে, গাজীপুরে ৮ জুলাই, ২২ জুলাই যশোরে ইউনিয়ন পরিষদের সদস্যদের নিয়ে অনুষ্ঠিত হয় ‘ইউনিয়ন পরিষদের সমস্যা ও সমাধানের করণীয় দিক’ শীর্ষক ওয়ার্কশপ। এই ওয়ার্কশপগুলোতে ইউপি’র বিভিন্ন সমস্যা উঠে আসে। যেমন-

- ইউপি চেয়ারম্যান ও মেম্বারদের বেতন কম।
- ইউপির গ্রাম পুলিশের বেতন কম।

- ইউপি সদস্যদের পরিচয় পত্র নেই।

- জনগন কর দেয় না।

- ইউপিতে অবস্থানরত সরকারী কর্মচারীরা চেয়ারম্যানের আজ্ঞাবহ নয়।

- ইউপি প্রতিনিধিরা দায়িত্ব পালনকালীন সময়ে মৃত্যুবরণ করলে সরকারীভাবে কোন সাহায্য পায় না।

- মহিলা মেম্বারদের কোন দায়িত্ব বন্টন করা হয় না।

- মেম্বারদের কোন প্রকার বাহন খরচ দেয়া হয় না।

### নীলফামারী ও গাজীপুরে কো- অর্ডিনেশন মিটিং এবং শেয়ারিং মিটিং অনুষ্ঠিত

গত ১৮ থেকে ২৩ জুলাই গাজীপুর এবং ২৬ জুন ২০০৬ এ নীলফামারীতে অনুষ্ঠিত হয়েছে কো-অর্ডিনেশন মিটিং এবং শেয়ারিং মিটিং। ইউনিয়ন পরিষদের প্রতিটি কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা বজায় এবং উন্নত সেবা নিশ্চিত করার লক্ষ্যে কাউন্সিলিয়ার, বাসন, বাড়িয়া এবং পূবাই এর স্থানীয় জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা, স্ট্যান্ডিং কমিটি সদস্য এবং সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করে একটি আদর্শ ও উন্নত ইউনিয়ন পরিষদ গড়ে তোলার জন্যই শিক্ষা, স্বাস্থ্য, কৃষি ও আইন-শৃঙ্খলা বিষয়ে আলোচনাই ছিল এই মিটিং এর উদ্দেশ্য। মিটিং-এ অংশগ্রহণকারীদের মধ্যে শিক্ষা এবং স্বাস্থ্য বিষয়ে কিভাবে সেবার মান বৃদ্ধি করা যায় সে বিষয়ে আলোচনা করা হয়।

### গাজীপুরের জেলা প্রশাসকের এনজিও বিষয়ক সমন্বয় সভার আমন্ত্রণ

জেলা প্রশাসক গাজীপুর ডেমক্রেসিওয়াচের জনগনের দরবার প্রকল্পের বিভিন্ন কার্যক্রম পর্যবেক্ষণ করে সন্তোষ প্রকাশ করে। এই লক্ষ্যে আগামী ২৭ জুলাই ২০০৬ বেলা ১১.১৫ টায়, গাজীপুর জেলা প্রশাসকের কার্যালয়ে সমন্বয় সভার আমন্ত্রণ জানায়।

জনগনের দরবার প্রকল্প  
বিষয়ে নীলফামারী জেলা  
প্রশাসকের সাথে বৈঠক

### এক নজরে

জনগনের দরবার প্রকল্পের সদ্য সমাপ্ত কার্যক্রমসমূহ

- দিনাজপুরের সিংড়া ইউনিয়ন, গাজীপুরে বাসন ইউনিয়ন, নীলফামারীর খগাখড়িবাড়ী ইউনিয়ন এবং যশোরের রামনগর ইউনিয়ন ও আরবপুর ইউনিয়নে উন্মুক্ত বাজেট পেশ।
- প্রকল্পভূক্ত এলাকায় ১৩৪টি উঠান বৈঠক অনুষ্ঠিত।
- ৯টি স্পট ক্যাম্পেইন অনুষ্ঠিত।
- ৭টি মার্শিক মিটিং অনুষ্ঠিত।
- প্রকল্পভূক্ত এলাকায় ৭টি জনগনের দরবার প্রকল্পের অবহিত অনুষ্ঠান অনুষ্ঠিত।
- ৬টি শেয়ারিং মিটিং অনুষ্ঠিত।
- ১২টি স্ট্যান্ডিং কমিটি গঠন।
- ৮৯টি পরামর্শ কমিটি গঠন।
- ২টি বিকল্প পন্থায় বিরোধ নিষ্পত্তি
- যশোরে ১০টি ভিডিও শো অনুষ্ঠিত।
- ঢাকায় প্রজেক্ট ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত।

গত ১৯ জুলাই ২০০৬ নীলফামারীর জেলা প্রশাসক জনাব রবীন্দ্র নাথ রায় চৌধুরীর সাথে এক বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠক অনুষ্ঠানে ডেমক্রেসিওয়াচের প্রোগ্রাম অফিসার শাহীন গাজী ডেমক্রেসিওয়াচের বিভিন্ন প্রকল্প সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। জেলা প্রশাসক জনগনের দরবার প্রকল্পের কার্যক্রমকে একটি সময়উপযোগী প্রকল্প বলে অবহিত করে তিনি বলেন, জনগনের দরবার প্রকল্প এবং অন্যান্য উন্নয়ন সহযোগী সংস্থার সহযোগীতার ফলে নীলফামারীকে শতভাগ জন্ম নিবন্ধন নিশ্চিত করা সম্ভব হয়েছে। আমি আশা করি আপনাদের সহযোগীতায় ২০০৬ ডিসেম্বরের মধ্যেই নীলফামারীকে শতভাগ স্বাস্থ্য সম্মত স্যানিটেশন- এর আওতায় আনা সম্ভব হবে। এ সময় আরো উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নীলফামারী সদর উপজেলার নির্বাহী অফিসার, ডোমার উপজেলার নির্বাহী অফিসার ও জেলা ম্যাজিস্ট্রেট প্রমুখ।

### দিনাজপুরের সিংড়া ইউনিয়নে ৬ কিলোমিটার রাস্তায় বৃক্ষ রোপন



জনগনের দরবার প্রকল্পের পরামর্শ কমিটি এবং সাধারণ জনগন ইউপি প্রতিনিধিদের সাথে আলোচনার মাধ্যমে উদ্বুদ্ধকরণের ফলশ্রুতিতে ৩ নং সিংড়া ইউনিয়নের চেয়ারম্যান মোঃ মজিবর রহমান প্রধান রামপুর টুবঘরিয়া থেকে আবিরের পাড়া মিশন পর্যন্ত ৬ কিলোমিটার রাস্তায় প্রায় ৪ হাজার বিভিন্ন জাতের বৃক্ষ রোপন করেন। চেয়ারম্যান মোঃ মজিবর রহমান প্রধান খুব শীঘ্রই ইউনিয়নের আরো বিভিন্ন ওয়ার্ডে এই বৃক্ষ রোপন কার্যক্রম অব্যাহত রাখবো বলে ঘোষণা দেন।